



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dsheets.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩৯.২০১৯/ ১৫৮৮/ন

তারিখ: ০৪/০৬/২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন জনতা মহাবিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ বাবুল আক্তারের নাম কর্তন ও জনাব মাদিহা আনোয়ারের এমপিওভুক্তি।

সূত্রঃ ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৫.২০২০.৭১; তারিখ: ২১/০৩/২০২২খ্রি।

২. জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- INS02-1/00031/2016/5344/49189; তারিখ: ০৮/০১/২০২১খ্রি।

৩. জ.ক.৫১-৩৭/২০২২; তারিখ: ০৯/০৫/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন জনতা মহাবিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ বাবুল আক্তার-এর শিক্ষাগত যোগ্যতার ক্রিটির কারণে বেতন-ভাতা স্থগিত করা হয়। স্থগিতকৃত বেতন-ভাতা ছাড়করণের জন্য বাবুল আক্তার মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯২৯৮/২০০৮ দায়ের করেন। রিট পিটিশন শুনানি শেষে মহামান্য হাইকোর্ট বিভাগ রূপ খারিজ করেন। এছাড়া কলেজ কর্তৃপক্ষ বিগত ০৭/০১/২০০৯ খ্রি. তারিখে তাঁকে চাকুরি থেকে অব্যাহতি প্রদান করেন। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সূত্রোক্ত ০২ নং স্মারক মোতাবেক পত্রে চাকুরি হতে অব্যাহতি প্রদানের আদেশের বিরুদ্ধে আপনার দাখিলকৃত আপিল আবেদনের মেরিট না থাকায় আপিল আবেদনটি নামঙ্গুর করা হয়। সে প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত পত্রে জনাব বাবুল আক্তারের নিয়োগকালীন কাম্য যোগ্যতা না থাকায় তার এমপিও বাতিলের সুপারিশ করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের পুনর্বিবেচনা কমিটির সিদ্ধান্তঃ “টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন জনতা মহাবিদ্যালয়ের প্রভাষক (হিসাববিজ্ঞান) জনাব বাবুল আক্তার এর নিয়োগকালীন কাম্য যোগ্যতা না থাকায় তার এমপিও বাতিল এবং তদস্থলে এন্টিআরসিএ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত প্রভাষক জনাব মাদিহা আনোয়ারকে এমপিওভুক্ত করার জন্য সুপারিশ করা হলো।”

এ বিষয়ে মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩৯.২০১৯/১২৩৮/৭; তারিখ: ২৪/০৪/২০২২খ্রি। মোতাবেক অধ্যক্ষকে ব্যাখ্যা প্রদান করার জন্য পত্র প্রেরণ করা হয়। পত্রের জবাবে অধ্যক্ষ ও নং সুত্রস্থ পত্রে উল্লেখ করেন, “অত্র কলেজের প্রভাষক বাবুল আক্তারের এমপিও বাতিল এবং তদস্থলে এন্টিআরসিএ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত প্রভাষক জনাব মাদিহা আনোয়ারকে এমপিওভুক্ত করার সিদ্ধান্তটি বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ বাবুল আক্তারকে বলা হলে তিনি এ ব্যাপারে তার আর কিছু বলার নাই বলে মৌখিকভাবে অবহিত করেন। শিক্ষা মন্ত্রণালয়ের এমপিও কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ করেছেন।”

এমতাবস্থায়, টাঙ্গাইল জেলার জনতা মহাবিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ বাবুল আক্তার-এর নিয়োগকালীন কাম্য যোগ্যতা না থাকায় তার এমপিও বাতিল করা এবং তদস্থলে এন্টিআরসিএ-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত জনাব মাদিহা আনোয়ারকে বিধিমোতাবেক এমপিওভুক্ত করার জন্য অনুরোধ করা হলো। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

AC/AD/68.6.22
(মোঃ আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭
Email-ncollege@ dsheets.gov.bd

অধ্যক্ষ

জনতা মহাবিদ্যালয়

নাগরপুর, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অধ্যক্ষ, ময়মনসিংহ;
০৩. সভাপতি, পরিচালনা পরিষদ, জনতা মহাবিদ্যালয়, নাগরপুর, টাঙ্গাইল;
০৪. শিক্ষা অফিসার (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৫. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
০৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগরপুর, টাঙ্গাইল;
০৭. জনাব মাদিহা আনোয়ার, প্রভাষক (হিসাববিজ্ঞান), জনতা মহাবিদ্যালয়, নাগরপুর, টাঙ্গাইল;
০৮. জনাব মোঃ বাবুল আক্তার, বরখাস্তকৃত প্রভাষক (হিসাববিজ্ঞান), জনতা মহাবিদ্যালয়, নাগরপুর, টাঙ্গাইল;
০৯. সংরক্ষণ নথি।